# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
**মতিঝিল, ঢাকা-১০০০**
**বাংলাদেশ।**
www.bb.org.bd

**আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ**

**ডিএফআইএম সার্কুলার নং-০৫**

**তারিখ: ২১ আশ্বিন ১৪৩১ / ০৬ অক্টোবর ২০২৪**

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা**
**বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।**

**প্রিয় মহোদয়,**

**<u>ঋণ/লীজ/বিনিয়োগ ও আমানতের সুদ/মুনাফার হার প্রসঙ্গে।</u>**

শিরোনামোক্ত বিষয়ে ২০ জুন ২০২৩ তারিখে জারিকৃত ডিএফআইএম সার্কুলার নং-০৭ এর মাধ্যমে বাজারভিত্তিক সুদহার ব্যবস্থা প্রবর্তনের অন্তর্বর্তীকালীন পদক্ষেপ হিসেবে SMART (Six-Months Moving Average Rate of Treasury Bill) এর সাথে নির্ধারিত মার্জিন যোগ করে ঋণের সর্বোচ্চ সুদহার নির্ধারণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

২। এক্ষণে, আন্তর্জাতিক উত্তম চর্চা অনুসরণের মাধ্যমে ফাইন্যান্স কোম্পানিসমূহের ঋণ/লীজ/বিনিয়োগ ও আমানতের সুদ/মুনাফার হার সম্পূর্ণরূপে বাজারভিত্তিক করার লক্ষ্যে SMART ভিত্তিক সুদহার ব্যবস্থা প্রত্যাহার করা হলো। ঋণের চাহিদা ও ঋণযোগ্য তহবিলের যোগানের ভিত্তিতে ঋণ/লীজ/বিনিয়োগ ও আমানতের সুদ/মুনাফার হার নির্ধারিত হবে।

৩। বাজার ভিত্তিক সুদহার নির্ধারণে নিম্নবর্ণিত নির্দেশনাবলী প্রযোজ্য হবে–

(ক) ফাইন্যান্স কোম্পানিসমূহ ঋণের খাতভিত্তিক সুদহার ও আমানতের সুদহার ওয়েবসাইটে প্রকাশ করবে;

(খ) ঝুঁকি বিবেচনায় গ্রাহকভেদে নির্ধারিত সীমার মধ্যে সুদ/মুনাফার হারে ১% পর্যন্ত তারতম্য করা যাবে;

(গ) বাজার বহির্ভূত হারে (Out of market rate) ঋণ/লীজ/বিনিয়োগের উপর সুদ/মুনাফা আরোপ না করা এবং আমানতের উপর সুদ/মুনাফা প্রদান না করার বিষয়টি নিশ্চিত করতে হবে;

(ঘ) ঋণের মঞ্জুরীপত্রে ঋণের সুদহারের ধরণ অর্থাৎ তা অপরিবর্তনশীল (Fixed rate) বা পরিবর্তনশীল (Floating rate) কি-না উল্লেখ থাকতে হবে;

(ঙ) পরিবর্তনশীল সুদহারের ক্ষেত্রে ঋণ বিতরণের ৬(ছয়) মাসের মধ্যে মঞ্জুরীপত্রে নির্ধারিত সুদহার বৃদ্ধি করা যাবে না; পরবর্তীতে প্রতি ৬(ছয়) মাস অন্তর বাজার সুদহারের ভিত্তিতে সুদহার পুনঃনির্ধারণ করা যাবে;

(চ) কোনো ঋণ অথবা ঋণের কিস্তি সম্পূর্ণ বা আংশিক মেয়াদোত্তীর্ণ (Overdue) হিসেবে চিহ্নিত হলে যে সময়ের জন্য মেয়াদোত্তীর্ণ হবে, উক্ত মেয়াদোত্তীর্ণ কিস্তির উপর নিয়মিত সুদহারের অতিরিক্ত সর্বোচ্চ ০.৫০% দন্ড সুদ আরোপ করা যাবে। তবে দন্ড সুদ আরোপের ক্ষেত্রে গ্রাহকভিত্তিক পরিচালক পর্ষদের অনুমোদন গ্রহণ করতে হবে;

(ছ) ঘোষিত সুদহারের অতিরিক্ত কোনো সার্ভিস চার্জ আরোপ/আদায় করা যাবে না; এবং

(জ) বাংলাদেশ ব্যাংক বা সরকার কর্তৃক গঠিত প্রণোদনা প্যাকেজ/বিশেষ তহবিল/পুনঃঅর্থায়ন/প্রাক-অর্থায়ন তহবিলের আওতায় প্রদত্ত ঋণের সুদহার নির্ধারণে সংশ্লিষ্ট তহবিলের জন্য প্রণীত নীতিমালা প্রযোজ্য হবে।

চলমান পৃষ্ঠা-২

৪। ইসলামী শরীয়াহ ভিত্তিক পরিচালিত ফাইন্যান্স কোম্পানিসমূহ তাদের প্রদত্ত বিনিয়োগের ক্ষেত্রে উল্লিখিত নির্দেশনা অনুসরণকরত মুনাফা নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৫। ডিএফআইএম সার্কুলার নং-০৯ তারিখঃ ২৯ নভেম্বর ২০১২ এর নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট মাসের ৭ তারিখের মধ্যে উক্ত মাসের ঘোষিত সুদহার বিবরণী Rationalized Input Template (RIT) ব্যবহার করে ওয়েব পোর্টালে আপলোড করার বিষয়টি চলমান থাকবে।

৬। এ নির্দেশনা জারির প্রেক্ষিতে SMART রেফারেন্স রেট সম্পর্কিত ডিএফআইএম সার্কুলার নং-০৭, তারিখঃ ২০ জুন ২০২৩, ডিএফআইএম সার্কুলার লেটার নং-২১, তারিখঃ ০৮ অক্টোবর ২০২৩, ডিএফআইএম সার্কুলার লেটার নং-২৫, তারিখঃ ২৯ নভেম্বর ২০২৩, ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৮, তারিখঃ ০৫ মার্চ ২০২৪ এবং ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৩, তারিখঃ ০৩ এপ্রিল ২০২৪ এর নির্দেশনা রহিত করা হলো।

৭। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২) (ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

**(রনজিৎ কুমার রায়)**
অতিরিক্ত পরিচালক
ফোনঃ ৯৫৩০২৪৯।